



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং- বামাশিবো/প্রশাসন/ সিরাজগঞ্জ-১০৬/ ৫৬৭

তারিখ : ২৪/০৫/২০১৮খ্রিঃ


বিষয় : ম্যানেজিং কমিটির সভাপতি পদে নির্বাচন অনুমোদন প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া উপজেলাধীন সড়াইতল দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি মোঃ আব্দুর রাজ্জাক মৃত্যুবরণ করায় মাদ্রাসার সুপার পুনরায় সভাপতি মনোনয়নের জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করেছেন।

২) দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৮(৫) অনুসারে প্রিজাইডিং অফিসারের সভাপতিত্বে ম্যানেজিং কমিটির সভা অনুষ্ঠান পূর্বক সদস্যদের সর্বসম্মত সিদ্ধান্তক্রমে জনাব মোঃ আবুল কাশেম, পিতা- মরহুম মুনছুর রহমান সরকারকে সভাপতি হিসাবে নির্বাচন করে সভার কার্যবিবরণী প্রেরণ করা হয়েছে।

বর্ণিত অবস্থায় প্রতিষ্ঠানটি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে বিগত ২৭/০৭/২০১৬খ্রিঃ তারিখের নং-বামাশিবো/প্রশা/১০২৩২/নথি নং-১০৬ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটির অবশিষ্ট মেয়াদের জন্য জনাব মোঃ আবুল কাশেম, পিতা- মরহুম মুনছুর রহমান সরকারকে সভাপতি পদে নির্বাচনের বিষয়টি বোর্ড কর্তৃক অনুমোদন প্রদান করা হলো।


চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ সুপার, সড়াইতল দাখিল মাদ্রাসা
ডাকঘর- সড়াইতল হাইস্কুল, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।



নং- বামাশিবো/প্রশাসন/ সিরাজগঞ্জ-১০৬/ ৫৬৭

তারিখ : ২৪/০৫/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :-

১. উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
২. জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৪. ম্যানেজার, সোনালী/রূপালী/অগ্রনী/জনতা ব্যাংক লিমিটেড, শাখা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৫. জনাব মোঃ আবুল কাশেম, পিতা- মরহুম মুনছুর রহমান সরকার
গ্রাম- সড়াইতল, ডাকঘর- সড়াইতল হাইস্কুল, উপজেলা- উল্লাপাড়া, জেলা- সিরাজগঞ্জ।
৬. সদস্যবৃন্দ-ম্যানেজিং কমিটি, সড়াইতল দাখিল মাদ্রাসা, ডাকঘর- সড়াইতল হাইস্কুল, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৭. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬৭৪৮৭৪